

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dam.gov.bd



স্মারকনং-১২.০২.০০০০.০০২.১৩.২৪৯.১২-৫৬০


তারিখঃ ১০-০৯-২০২০খ্রিঃ

বিষয়ঃ অবসরোত্তর ছুটি (PRL) গমনকারী কর্মকর্তা/কর্মচারীর প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কোন কর্মকর্তা/কর্মচারীর পিআরএল গমনের জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে দুই মাস পূর্বে পিআরএল ও লাম্প গ্রান্ট মঞ্জুরাদেশ প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। ফলে সদর দপ্তরে উক্ত আদেশসমূহ জারির প্রস্তুতিমূলক কাজের জন্য কিছু সময় প্রয়োজন হয়। সে কারণে বিভাগীয় পর্যায়ে হতে সদর দপ্তরে পিআরএল ও লাম্প গ্রান্ট মঞ্জুরের প্রস্তাব নির্ধারিত সময়ের পূর্বেই প্রেরণ করার প্রয়োজনীয়তার বিষয়ে অধিদপ্তরের ২৫-১০-২০১৮ তারিখের নং-১২.০২.০০০০.০০২.১৩.২৪৯.১২-৬৮১ সংখ্যক স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী অবসরোত্তর ছুটি (PRL) গমনকারী কর্মকর্তা/কর্মচারীগণের আবেদন ও প্রস্তাব যথাসময়ে সদর দপ্তরে পাওয়া যাচ্ছে না।

বর্ণিতাবস্থায়, কোন কর্মকর্তা/কর্মচারীর পিআরএল ও লাম্প গ্রান্ট মঞ্জুরাদেশ প্রদানের নিমিত্ত তার পিআরএল গমনের নির্ধারিত তারিখের কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বেই প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রস্তাব সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(এস.এম. সাদিক হোসেন)
সহকারী পরিচালক(প্রশাসন)
টেলিফোনঃ ৯১১৪৭৬৫।

উপ-পরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ০১। সিস্টেম এ্যাডমিন, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। পিও টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।